

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.০৭৫.২০-১৪২

তারিখ: ০৬ কার্তিক ১৪২৭  
২২ অক্টোবর ২০২০

**বিষয়: বিলহালতী ত্রিমোহনী অনার্স কলেজ, সিংড়া, নাটোর এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।**

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৫.০১.৬৫.১৮/৯২; তারিখ: ১৩/০৯/২০২০ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)  
(২) ডিআইএ/নাটোর/২৫০৩-সি/রাজ:৩৮০; তারিখ: ১৮/১০/২০১৭ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১৪/০১/২০১৫ খ্রি. নাটোর জেলার সিংড়া উপজেলাধীন বিলহালতী ত্রিমোহনী অনার্স কলেজটি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:


- ক. বিগত পরিদর্শনে প্রভাষক (বাংলা) জনাব মো: জহিরুল ইসলাম কর্তৃক অতিরিক্ত গৃহীত ৩,২৩১/- টাকা, প্রভাষক (ইংরেজি) জনাব মো: আবু বকর সিদ্দিক কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫৫৮০/- টাকা, প্রভাষক (অর্থনীতি) জনাব মো. মুজিবুর রহমান কর্তৃক অতিরিক্ত গৃহীত ৩২৩১/- টাকা, প্রদর্শক জনাব মো. সমশের আলী কর্তৃক অতিরিক্ত গৃহীত ১৬,২১৮/- টাকা, জনাব নূর মোহাম্মদ কর্তৃক অতিরিক্ত গৃহীত ১৬,২১৮/- টাকা, শরীরচর্চা শিক্ষক জনাব মো. জুলফিকার আলী কর্তৃক অতিরিক্ত গৃহীত ১৯,৮২২/- টাকা, ৩য় শ্রেণির কর্মচারী জনাব মো. আব্দুল খালেক কর্তৃক অতিরিক্ত গৃহীত ২০৭২/- টাকা এবং জনাব সাধন কুমার সরকার কর্তৃক অতিরিক্ত গৃহীত ২০৭২/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করায় অভিযোগটি নিষ্পত্তি করা হল।
  - খ. বিগত পরিদর্শনে প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মো. আমজাদ হোসেন, প্রভাষক (ইস. ইতিহাস) জনাব মো. বেলালউজ্জামান, প্রভাষক (ইতিহাস) জনাব মো. আবু সুফিয়ান, প্রভাষক (ভূগোল) জনাব মো. আখতারুজ্জামান, প্রভাষক (রসায়ন) জনাব মো. আসগর আলী, প্রভাষক (হিসাববিজ্ঞান) জনাব মো. শাহজালাল কর্তৃক প্রত্যেকে ৩২২১/- টাকা করে মোট অতিরিক্ত গৃহীত ১৯,৩৮৬/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করায় অভিযোগটি নিষ্পত্তি করা হল।
  - গ. বিগত পরিদর্শনে প্রভাষক (বাংলা) জনাব মাহফুজা খাতুন কর্তৃক অতিরিক্ত গৃহীত ৬৪,৮৪৮/- টাকা ফেরতের অবাস্তবায়িত সুপারিশটি অবিলম্বে বাস্তবায়ন করতে হবে;
  - ঘ. প্যাটার্ন অতিরিক্ত ৪র্থ শ্রেণির কর্মচারী জনাব আব্দুর রহিম কর্তৃক ১,২৫,০৩৬/- টাকা ফেরতের অবাস্তবায়িত সুপারিশটি বাস্তবায়ন করতে হবে;
  - ঙ. স্টক রেজিস্টার, ফাইল রেজিস্টার, নিয়োগ রেজিস্টার, ভেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার যথাযথভাবে পরিচালনা ও সংরক্ষণ করতে হবে;
  - চ. ক্রয় কমিটি গঠন করে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন ক্রয় সম্পন্ন করতে হবে;
  - ছ. সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে করতে হবে;
  - জ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও ট্রেডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে;
  - ঝ. প্রতিষ্ঠানের সকল আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
  - ঞ. ব্যয়ের ভাউচার সমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে;
  - ট. প্রতিষ্ঠান প্রধানকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করে আপ-টু-ডেট হিসাব সংরক্ষণ করতে হবে;
  - ঠ. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে;
  - ড. বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন করতে হবে এবং বাজেট অনুযায়ী আয়-ব্যয় নির্বাহ করতে হবে;
  - ঢ. প্রতিটি শ্রেণিতে সাপ্তাহিক ক্লাস পরীক্ষা, মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে;
  - ণ. শ্রেণির অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে;
  - ত. প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট কর্তন করতে হবে এবং আয়কর রিটার্ন জমা দানের মধ্যে আয়কর পরিশোধ করতে হবে;
  - থ. প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পদ্ধতি চালু করতে হবে;
- ০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**অধ্যক্ষ**

বিলহালতী ত্রিমোহনী অনার্স কলেজ, সিংড়া, নাটোর

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
- ৫। জেলা শিক্ষা অফিসার, নাটোর
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিংড়া, নাটোর
- ৭। চেয়ারম্যান, গভনিং বডি, বিলহালতী ত্রিমোহনী অনার্স কলেজ, সিংড়া, নাটোর
- ৮। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।

  
মোহা: লিয়াকত আলী  
উপসচিব  
ফোন: ৯৫৪৬১০৭